

প্রার্থনা কর

কামরুন নাহার *

alorkona@yahoo.com

হয়তো আর বলা হবে না, ভালোবাসি, ভালোবাসি,
সবাক কণ্ঠকে নির্বাক করে দেবে সামান্য কাগজের ফাঁসি।
অন্যের আবেগহীন হাত ধরে,
গুয়ানতানামো বন্দরে
ভিড়ার আমার বহু পথ ঘুরে আসা পরিশ্রান্ত তরী।
সারা পৃথিবীর সঙ্গে হবে চেনা সম্পর্কের ছাড়াছাড়ি।

তখন পিছন থেকে ডেকে,
কপালে লাল স্বস্তিক ঐঁকে,
বলো না যেন, ফিরে এসো উজানে,
ম্যাপলে আগুন লেগেছে নিউইয়র্কের উদ্যানে।
বড় বেশি দেরিতে এসেছিল তোমার হিরন্ময় ডাক,
আমার ফেরার পথে এখন পাহারা দিচ্ছে চিল-শকুনের ঝাঁক।

আমাকে না হয় নির্বাসনে
সহবাসী হতে দাও শ্বাপদপ্রাণীর সনে।
নরম গালিচা পাতা হোয়াইট হাউস আমার নয়,
প্রার্থনা কর, এ ভীষণ জীবনে হোক
আমার নরম নগ্ন পায়ের ক্ষত-বিক্ষত যাত্রার জয়।

ব্যাখ্যাঃ

সামান্য কাগজের ফাঁসিঃ বিয়ের রেজিস্ট্রেশন কাগজ, যা এখানে ফাঁসির দড়ি হিসেবে কল্পনা করা হয়েছে।

গুয়ানতানামোর বন্দরঃ দক্ষিণ-পূর্ব কিউবার অন্তর্ভুক্ত গুয়ানতানামো প্রদেশে বন্দরটি অবস্থিত। কিউবার অংশ হওয়া সত্ত্বেও আমেরিকা যুক্তরাষ্ট্র বন্দরটি জোরপূর্বক দখল করে আছে। আফগানিস্তানের বন্দিদের এই কারাগারে রাখা হয়েছে। রূপক অর্থে সংসার নামক কারাগার।

পরিশ্রান্ত তরীঃ রূপক অর্থে জীবন।

স্বস্তিকঃ শুভলক্ষণযুক্ত চিহ্ন।

শ্বাপদপ্রাণীঃ রূপক অর্থে স্বামী।

হোয়াইট হাউসঃ এখানে সুখ-সমৃদ্ধির প্রতীক।

* এ কবিতায় কবি বিদায়ী প্রেমিকের কাছে তার আসন্ন অসুখী, ভালোবাসাহীন বৈবাহিক জীবনের ইঙ্গিত করছে।

* কামরুন নাহার বাংলাদেশের রাজশাহী বিশ্ববিদ্যালয়ের অন্তর্ভুক্ত 'ইনস্টিটিউট অব বাংলাদেশ স্টাডিজ' (আইবিএস)- এ 'রাজনৈতিক সহিংসতা' বিষয়ে গবেষণায় রত।